# ইমাম বাটন্ ইন্ডাষ্ট্রিজ লিমিটেড

আমিন কোর্ট (৩য় তলা), ৬২-৬৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।



## সম্মানিত শেয়ার হোল্ডারদের প্রতি পরিচালক মন্ডলীর প্রতিবেদন

### ৩০শে জুন ২০১৭ইং তারিখে সমাপ্ত অর্থ বৎসরের জন্য

বিসমিল্লাহির রাহমানির রাহিম।

সম্মানিত শেয়ার হোল্ডারবৃন্দ, সহকর্মীবৃন্দ ও বিশিষ্ট অতিথিবৃন্দ আস্সালামু আলাইকুম।

ইমাম বাটন ইন্ডাষ্ট্রিজ লিমিটেডের পরিচালনা পর্ষদের পক্ষ থেকে কোম্পানীর ২৩ তম বার্ষিক সাধারণ সভায় আপনাদেরকে সাদর আমন্ত্রন জানাতে পেরে এবং ৩০শে জুন, ২০১৭ ইং তারিখে সমাপ্ত আর্থিক বৎসরের বার্ষিক প্রতিবেদন ও নিরীক্ষিত হিসাব আপনাদের সামনে উপস্থাপন করতে পেরে আমরা খুবই আনন্দিত। সেই সাথে অদ্য এই সভায় আমি ৩০ শে জুন, ২০১৭ইং তারিখে সমাপ্ত আর্থিক বৎসরের কোম্পানীর পরিচালনা পর্ষদের প্রতিবেদন, কোম্পানীর নিরীক্ষিত আর্থিক বিবরনী ও নিরীক্ষকের প্রতিবেদন আপনাদের সুবিবেচিত মতামত ও অনুমোদনের প্রত্যাশা করছি।

*Restated

| আর্থিক ফলাফলঃ | চলতি বৎসর | পূর্ববর্তী বৎসর |
|---|---|---|
| শ্রমিক মুনাফা অংশীদারিত্ব তহবিলে চাঁদা প্রদানের পূর্বে লাভ | (২৯,০৬,৩৫৭) | (৭৪,৭৩,২৬৫) |
| বাদঃ শ্রমিক মুনাফা অংশীদারিত্ব তহবিলে চাঁদা | - | - |
| আয়কর পূর্ব নীট মুনাফা | (২৯,০৬,৩৫৭) | (৭৪,৭৩,২৬৫) |
| বাদঃ আয়কর সংস্থান | (৩,৬৮,৭১২) | (২,৬০,৮২৪) |
| মোট নীট মুনাফা | (৩২,৭৫,০৬৯) | (৭৭,৩৪,০৮৯) |
| যোগ ডেফার্ড ট্যাক্স | ৩,৮৫,০৪৯ | ৮,২৪,৯৫৯ |
| কর বাদে নীট মুনাফা | (২৮,৯০,০২০) | (৬৯,০৯,১৩০) |
| যোগ বিগত বৎসরের সমন্বয় | - | (১,৩৯,৬৯,৭৭২) |
| যোগঃ বিগত বৎসরের উদ্বৃত্ত | (৩,০১,২৬,৮৩০) | (৯২,৪৭,৯২৮) |
| বন্টন যোগ্য উদ্বৃত্ত | (৩,৩০,১৬,৮৫০) | (৩,০১,২৬,৮৩০) |
| বাদঃ প্রস্তাবিত লভ্যাংশ | - | - |
| স্থিতিপত্রে স্থানান্তরিত | (৩,৩০,১৬,৮৫০) | (৩,০১,২৬,৮৩০) |

### ব্যবসায়িক কার্যক্রমঃ

ইমাম বাটন ইন্ডাষ্ট্রিজ লিঃ এর উৎপাদিত পণ্য পার্ল, চক ও হর্ণ বাটন সম্পর্কে আপনারা অবগত আছেন যা প্রতিষ্ঠানের জন্মসৃষ্টি থেকে অদ্যাবধি বজায় আছে। আমাদের কারখানায় উৎপাদিত বাটন তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠানে ব্যবহৃত হয়। ক্রমাগত বিশ্ব বাজারে অর্থনৈতিক মন্দার কারনে গার্মেন্টস শিল্পে ব্যবহৃত সকল পণ্যের দাম কমে যায়, যার প্রভাব আমাদের উৎপাদিত বাটনের উপর ও পড়েছে। এছাড়া ও আপনারা জানেন যে, নানাবিধ কারনে আমাদের দেশীয় অনেক তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠান বন্ধ হয়ে যায়, যার কারনে বোতামের চাহিদা এবং বিক্রয় মূল্য ক্রমাগত কমে যাচ্ছে। আপনারা আরও অবগত আছেন যে, আমাদের বাটন উৎপাদনের যন্ত্রপাতি পুরাতন হওয়ার কারনে উৎপাদন ক্ষমতা কমেছে এবং রক্ষনাবেক্ষন খরচ বেড়েছে। এই অর্থ বৎসরের শেষের দিকে আমরা বাটন উৎপাদনের জন্য কিছু নতুন মেশিন এল.সি এর মাধ্যমে ক্রয় করি যার মূল্য কিস্তিতে পরিশোধযোগ্য। এই কারনে আমাদের উৎপাদন ক্ষমতা ও উৎপাদন আগের তুলনায় এই অর্থবৎসরে কিছুটা বেড়েছে। এ ছাড়া বর্তমান অর্থবৎসরে বাটনের কাঁচামালের আমদানীমূল্য কিছুটা কম হওয়ায় ও বাজারে আমাদের সুনাম থাকায় এবং আমাদের প্রতিষ্ঠানের পরিচালক, কর্মকর্তা-কর্মচারী সকলের ঐকান্তিক কর্ম প্রচেষ্টায় গত বৎসরের তুলনায় এই বৎসর বিক্রয় বেড়েছে। যার ফলে মুনাফা না হলেও লোকসান গতবৎসরের তুলনায় কমেছে। এই ধারা অব্যাহত রাখতে পারলে আশাকরি আগামীতে আমরা মুনাফা করতে পারব যার নিরন্তর প্রচেষ্টা অব্যাহত আছে।

### মানব সম্পদ উন্নয়নঃ

একটি প্রগতিশীল প্রতিষ্ঠান বাস্তবায়নে সম্ভাবনাময় মানবসম্পদের সঠিক মূল্যায়ন, লালন পালন ও সুষ্ঠভাবে উৎপাদন কাজে নিয়োজিত করার সঠিক নেতৃত্ব দানের প্রয়োজন অপরিহার্য। এই উদ্দেশ্য সামনে রেখে কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীদেরকে নতুন তথ্য প্রযুক্তিসহ প্রয়োজনীয় সকল বিষয়ে প্রশিক্ষন ও প্রেষনা প্রদান করা হয়ে থাকে, যা কোম্পানীর সার্বিক সফলতা অর্জনে বিশেষ অনুপ্রেরনা যোগান সহ ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলায় সহায়তা প্রদান করবে।

### লভ্যাংশঃ

কোম্পানীর পরিচালক মন্ডলী ২০১৬-২০১৭ ইং অর্থ বৎসরের জন্য কোন লভ্যাংশ প্রদানের সুপারিশ করেন নাই।

### কর্মসংস্থানঃ

আমাদের বাটন্ শিল্প প্রতিষ্ঠানে শ্রমিকদের সার্বিক পরিস্থিতি মোটামুটি শান্ত ও সন্তোষজনক ছিল, যদিও কিছু কিছু তৈরী পোশাক শিল্পে শ্রমিক অসন্তোষ বিরাজিত ছিল। আপনাদের কোম্পানীর শ্রমিক এবং কর্মচারীদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সু-সম্পর্ক ও উচ্চ নৈতিকতা বজায় রয়েছে।

### প্রতিষ্ঠানের শ্রমশক্তি ছিল নিম্নরূপঃ

| বিবরণ | বর্তমান বৎসর | পূর্ববর্তী বৎসর |
|---|---|---|
| শ্রমিক | ১৪২ | ১৪২ |
| কর্মচারী | ১৭ | ১৭ |
| ব্যবস্থাপন | ৮ | ৮ |
| মোট | ১৬৭ জন | ১৬৭ জন |

### পরিচালকদের অবসর গ্রহন ও নিয়োগঃ

কোম্পানীর আর্টিকেলস অব এসোসিয়েশনের ১২২ ধারা অনুযায়ী কোম্পানীর ১ জন পরিচালক জনাব মোহাম্মদ আলী অবসর গ্রহণ করেছেন। কোম্পানীর আর্টিকেলস মোতাবেক তাঁর পুনঃ নির্বাচিত হওয়ার যোগ্যতা রয়েছে বিধায় পুনঃ নির্বাচনের ইচ্ছা প্রকাশ করেছেন।

### পরিচালনা পর্ষদের সভা ও উপস্থিতিঃ

আলোচ্য বৎসরে পরিচালনা পর্ষদের ৮টি (আটটি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভা সমূহে পরিচালকগণের উপস্থিতি ছিল নিম্নরূপ।

| পরিচালকগণের নাম | সভায় উপস্থিতি |
|---|---|
| জনাব মোহাম্মদ আলী | ৮ |
| জনাব লোকমান চৌধুরী | ৭ |
| জনাবা জেবুন্নেছা আক্তার | ৮ |
| জনাবা হামিদা বেগম | ৬ |
| জনাব মোঃ আবু বক্কর ছিদ্দিক | ৮ |

যে সকল পরিচালকগণ সভায় উপস্থিত থাকতে পারেন নাই তাঁদের ছুটি মঞ্জুর করা হয়।

### পরিচালনা পর্ষদের নিরীক্ষা কমিটিঃ

কোম্পানীর আর্থিক অবস্থা, নিরীক্ষা এবং সংবিধিবদ্ধ ও নিয়ন্ত্রণকারী সংস্থাসমূহের প্রয়োজনীয় শর্তাবলী মূল্যায়নের লক্ষ্যে পরিচালনা পর্ষদের নিরীক্ষা কমিটি গঠিত হয়। কোম্পানীর নিরীক্ষক নিয়োগের ক্ষেত্রে কমিটি পরিচালনা পর্ষদকে সুপারিশ করেছেন এবং অভ্যন্তরীন নিরীক্ষার ক্ষেত্রসমূহ মূল্যায়ন করেছেন।

নিম্নবর্ণিত পরিচালকগনের সমন্বয়ে নিরীক্ষা কমিটি গঠিত হয়ঃ

| | | |
|---|---|---|
| ১. জনাব মোঃ আবু বক্কর ছিদ্দিক | ইনডিপেনডেন্ট পরিচালক | চেয়ারম্যান |
| ২. জনাব লোকমান চৌধুরী | পরিচালক | সদস্য |
| ৩. জনাবা হামিদা বেগম | পরিচালক | সদস্য |
| ৪. জনাব মহিউদ্দিন মিয়া | সচিব | সদস্য সচিব |

নিরীক্ষা কমিটির সদস্যগন অ-নির্বাহী পরিচালক।

### কোম্পানীর বিষয়াবলী ও আর্থিক প্রতিবেদনঃ

কোম্পানীর কর্পোরেট গভর্নেন্স নির্দেশনা বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের প্রয়োজনীয় দিক নির্দেশনার সাথে একাত্ম হয়েছে এবং তদানুযায়ী পরিচালকমন্ডলী আনন্দের সাথে নিশ্চিত করেছেন যে,

ক. আর্থিক বিবরণী ও তদসংক্রান্ত টীকাসমূহ কোম্পানী আইন ১৯৯৪ এবং বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন নীতিমালা ১৯৮৭ এর আলোকে প্রস্তুত করা হয়েছে। এই সকল বিবরণী সমূহে কোম্পানী সংক্রান্ত বিষয়াবলী এর পরিচালনা নীতিমালা, অর্থ প্রবাহ এবং তারল্যের পরিবর্তন সঠিকভাবে উপস্থাপিত হয়েছে।

খ. কোম্পানীর হিসাব বহি যথাযথভাবে রক্ষিত হয়েছে।

গ. আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতকালে হিসাবসংক্রান্ত নীতিমালা যথাযথভাবে প্রয়োগ করা হয়েছে এবং হিসাব সংক্রান্ত প্রাক্কলন সমূহ যৌক্তিকতা ও বিচক্ষণতার আলোকে করা হয়েছে।
ঘ. আর্থিক বিবরণী প্রস্তুতকালে বাংলাদেশে প্রযোজ্যতার ভিত্তিতে আন্তর্জাতিক হিসাব মানসমূহ অনুসরণ করা হয়েছে।
ঙ. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা ছিল যথাযথ এবং এর কার্যকর প্রয়োগ নিশ্চিত করা হয়েছে।
চ. চলমান প্রতিষ্ঠান হিসাবে কোম্পানীর সক্ষমতা নিঃসন্দেহে প্রমাণিত।
ছ. পাঁচ বৎসরের কার্যকারিতা ও আর্থিক ফলাফলসমূহের উপাত্ত সংযুক্ত করা হয়েছে।

## কোম্পানীর উদ্যোক্তা/পরিচালকদের ৩০ শে জুন ২০১৭ ইং তারিখে শেয়ারহোল্ডিং ছিল নিম্নরূপঃ

| নাম | পদবী | ধারণকৃত শেয়ারের সংখ্যা | (%) |
|---|---|---|---|
| জনাবা জেবুন্নেছা আক্তার | চেয়ারপার্সন | ৩,৪৮,৭০০ | ৪.৫৩% |
| জনাব মোহাম্মদ আলী | ব্যবস্থাপনা পরিচালক | ১৩,৮৩,৬৭০ | ১৭.৯৭% |
| জনাবা হামিদা বেগম | পরিচালক | ৫,১৮,৬৫০ | ৬.৭৩% |
| জনাব লোকমান চৌধুরী | পরিচালক | ১,৭৬,০০০ | ২.২৯% |
| | | ২৪,২৭,০২০ | ৩১.৫২% |

## কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স রিপোর্টঃ

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের দিক নির্দেশনা অনুযায়ী "কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স রিপোর্ট" সংযুক্ত করা হল।

## আর্থিক প্রতিবেদন ও জবাবদিহি ঃ

বার্ষিক প্রতিবেদনের মাধ্যমে প্রতি আর্থিক বছর শেষে বার্ষিক হিসাব, বছরের শুরু থেকে প্রতি বৎসর এর ১ম কোয়ার্টার, ২য়-কোয়ার্টার এবং ৩য় কোয়ার্টার এর আর্থিক হিসাব প্রস্তুত এবং কার্যক্রমের একটি যথাযথ মূল্যায়ন ও প্রকাশের দায়িত্ব পরিচালকমন্ডলী পালন করে যাচ্ছেন। পরিচালক মন্ডলী কর্তৃক গঠিত নিরীক্ষক কমিটি এসব প্রতিবেদনের তথ্যাবলীর সঠিকতা, যথার্থতা, স্বচ্ছতা ও পূর্ণাঙ্গতা পরীক্ষা করে থাকেন। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৮-১৮৩/এডমিন/০৩-৩৪, তারিখ-২৭ সেপ্টেম্বর, ২০০৯ অনুযায়ী প্রতিবৎসর প্রথম কোয়ার্টার, ২য়-কোয়ার্টার ও তৃতীয় কোয়ার্টার এর হিসাব কোম্পানির ওয়েব সাইটে , একটি ইংরেজি পত্রিকায়, একটি বাংলা পত্রিকায় ও একটি অনলাইন পত্রিকায় প্রকাশ করা হয়েছে।

## কারখানার অবস্থান ও ভবিষ্যৎ পরিকল্পনাঃ

ইমাম বাটন ইন্ডাস্ট্রিজ লিমিটেড একটি ১০০% রপ্তানীমুখী বাটন (বোতাম) উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান যা চট্টগ্রাম ৪৯/এ, ফৌজদার হাট ভারী শিল্প এলাকায় অবস্থিত এবং এর উৎপাদিত বাটন বিশ্ব বাজারে রপ্তানী করে থাকে। সাম্প্রতিককালে কিছু নতুন প্রতিযোগী বাজারে প্রবেশ করেছেন ও নানাবিধ কারনে কিছু তৈরী পোশাক কারখানা বন্ধ হয়েছে বিধায় পূর্বের তুলনায় বাটন শিল্পের অভ্যন্তরীন বাজার খুব দ্রুত ও ব্যাপকভাবে পরিবর্তিত হচ্ছে। বর্তমানে বিদেশী বাটনে দেশীয় বাজার সয়লাব হয়ে আছে যাহাতে আমাদের উৎপাদিত বাটনের বাজার সংকুচিত হয়ে আসছে। আমাদের উৎপাদিত বাটনের তুলনায় বিদেশী বাটনের দাম কম হওয়ায় প্রতিযোগীতামূলক বাজারে টিকে থাকা কষ্টসাধ্য হয়ে দাঁড়িয়েছে। তাছাড়া কারখানাটির যন্ত্রপাতি পুরাতন হওয়ায় প্রয়োজনীয় উৎপাদন সম্ভব হচ্ছে না। এইসব পুরাতন যন্ত্রপাতির পরিবর্তে আধুনিক যন্ত্রপাতি পর্যায়ক্রমে পুনঃস্থাপন করার পরিকল্পনা আছে যাহা প্রয়োজনীয় মূলধন সংগ্রহের উপর নির্ভরশীল। তবে উৎপাদন বৃদ্ধির স্বার্থে এই অর্থ বৎসরের শেষের দিকে কিস্তিতে পরিশোধ সাপেক্ষে এল.সির মাধ্যমে কিছু বাটন উৎপাদনের মেশিন ক্রয় করে সংস্থাপন করা হয়েছে। যার ফলে বাটন উৎপাদন আগের তুলনায় কিছু বৃদ্ধি পেয়েছে এবং বিক্রয়মূল্য ও আগের তুলনায় বৃদ্ধি পেয়েছে। আশা করি বাজার চাহিদা ঠিক থাকলে ভবিষ্যতে বিক্রয় আরো বৃদ্ধি করতে সক্ষম হব।

## পণ্য ভিত্তিক অর্জন ও ফলাফল ঃ

**আমাদের কোম্পানী একটিমাত্র কারখানা থেকে বিভিন্ন প্রকারের বাটন উৎপাদন করে থাকে। নিম্নে উৎপাদিত পন্যের প্রকারভেদ দেওয়া হল :**

| পন্য | উৎপাদন ক্ষমতা(জি.জি) | উৎপাদন(জি.জি) |
|---|---|---|
| পার্ল বাটন | ২,২৮,০০০ | ৮১,০৭৬ |
| চক বাটন | ২,২৩,০০০ | ৫১,৫৯৪ |
| হর্ন বাটন | ২,০৬,০০০ | ৩৮,৩৮২ |
| মোট | ৬,৫৭,০০০ | ১,৭১,০৫২ |

## ঝুঁকি ব্যবস্থাপনা ঃ

**ঝুঁকি পর্যালোচনা করে তা নিয়ন্ত্রন করা ব্যবসায়েরই একটি অংশ। সম্ভাব্য ঝুঁকি ও হুমকি যা আমাদের মুনাফা বা ধারাবাহিক বিকাশকে ব্যাহত করতে পারে সে সব সম্ভাব্য সবক্ষেত্র সংকোচনে কোম্পানীর একটি শক্তিশালী ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়া রয়েছে যা কোম্পানীর পণ্য মূল্য বৃদ্ধির মাধ্যমে আমদানি করা কাঁচামাল বিনিময়ে ঝুঁকি সমন্বয়, কোম্পানী বাজার ঝুঁকি কমানোর জন্যে তার মান আপগ্রেড করা, কর্মক্ষম ঝুঁকি নিয়ন্ত্রন, বিতরন ঝুঁকি নিয়ন্ত্রনে যথাযথ ভুমিকা পালন করা।**



## পরিচালকমন্ডলীর ভাতা ঃ

ব্যবস্থাপনা পরিচালক ও অর্থ ব্যতিরেকে ইন্ডিপেন্ডেন্ট পরিচালকসহ অন্যান্য পরিচালকবৃন্দ বোর্ড মিটিং এ উপস্থিতির জন্য কোন সুবিধা ভোগ করেন না।

## অধীনস্থ কোম্পানী ঃ

এই কোম্পানীর কোন অধীনস্থ কোম্পানী নাই।

## চেয়ারম্যান ও সিইও ঃ

বোর্ড চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তার (সিইও) অবস্থান পৃথক।

## সিইও এবং সিএফও এর দায়িত্ব ঃ

সিইও এবং সিএফও এর দায়িত্ব BSEC এর প্রবিধান মেনে পালন করা হয়েছে।

## অডিট কমিটি ঃ

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং SEC/CMRRCD/2006-158/134/admin/44 তারিখ- 07 August, 2012 এর নির্দেশনা মোতাবেক পরিচালকমন্ডলী কর্তৃক গঠিত ইন্ডিপেন্ডেন্ট পরিচালকসহ ৪ (চার) সদস্য বিশিষ্ট নিরীক্ষা কমিটি কাজ করে যাচ্ছেন। পরিচালক মন্ডলী নিরীক্ষা কমিটির মাধ্যমে বহিঃ নিরীক্ষকদের সাথে স্বচ্ছ ও যথাযথ সম্পর্ক বজায় রেখেছেন।

## অডিট কমিটি রিপোর্ট ঃ

কমিটি তার রিপোর্ট, অভ্যন্তরীন নিরীক্ষা পদ্ধতি, বার্ষিক আর্থিক প্রতিবেদন প্রস্তুতি এবং বহিঃ নিরীক্ষকদের পর্যবেক্ষনগুলোর বিশদ আলোচনা পর্যালোচনা করেছেন। রিপোর্টিং এর কোন পর্যায়ে ন্যুনতম ক্রুটি, অমিল অথবা সত্য পরিপন্থী তথ্য না থাকায় আর্থিক অবস্থার প্রতিবেদন বাস্তব ও স্বচ্ছ হিসাবে গন্য হয়েছে।

## ইন্ডিপেন্ডেন্ট পরিচালক ঃ

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং SEC/CMRRCD/2006-158/134/admin/44 তারিখ- 07 August, 2012 অনুযায়ী জনাব মোঃ আবু বক্কর ছিদ্দিক ইন্ডিপেন্ডেন্ট পরিচালক হিসাবে দায়িত্ব পালন করছেন। তিনি একজন উচ্চ শিক্ষিত এবং সামাজিক মর্যাদা সম্পন্ন ব্যক্তি। তিনি বিভিন্ন সমাজ সেবামূলক ও উন্নয়ন কর্মকান্ডের সাথে সম্পৃক্ত।

## আইনের প্রতি শ্রদ্ধা ঃ

কোম্পানি পরিচালনা ও ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন আইনের বিধান সমূহ যথাযথভাবে অনুসরন করা হয় এবং করণীয় বিষয় সমূহ যথাসময়ে ও যথাযথভাবে নিশ্চিত করা হয়। রাষ্ট্রীয় আইন ও বিধিবিধানের পরিপন্থী কোন কর্মকান্ডের সাথে কোম্পানী যুক্ত নয়।

## বিধিবদ্ধ পরিশোধ সমূহ ঃ

পরিচালকমন্ডলী প্রত্যয়ের সাথে বিশ্বাস করেন যে, কর্মরত কর্মকর্তা-কর্মচারীগনের এবং রাষ্ট্রীয় সকল বিধিবদ্ধ দেনা সমূহ যথাযথভাবে হালনাগাদ পরিশোধিত হয়েছে।

## পুঁজিবাজার আইনের সাথে সঙ্গতি রক্ষা ঃ

দেশের উভয় ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তির পর থেকে কোম্পানী কঠোরভাবে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর নির্ধারিত, আইন এবং বিভিন্ন সময়ে জারীকৃত আইন যথাযথভাবে পালনের চেষ্টা করে আসছে।

## কমপ্লায়েন্স সার্টিফিকেট ঃ

বিনিয়োগকারী ও মূলধন বাজারের স্বার্থ রক্ষার্থে কোম্পানী কর্পোরেট গভর্নেন্স নিশ্চিত করার জন্য বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং SEC/CMRRCD/2006-158/134/admin/44 তারিখ- 07 August, 2012 অনুযায়ী ইস্যুকৃত কর্পোরেট গভর্নেন্স গাইড লাইন অনুসারে কোম্পানী ২০১৬-২০১৭ হিসাব বৎসরের কমপ্লায়েন্স অডিটর হিসাবে মেসার্স শফিক বসাক এন্ড কোং, চার্টাড একাউন্ট্যান্টস কে নিয়োগ দেয়া হয়। মেসার্স শফিক বসাক এন্ড কোং, চার্টাড একাউন্ট্যান্টস যথারীতি কমপ্লায়েন্স অডিট সম্পন্ন করে এবং কমপ্লায়েন্স সার্টিফিকেট প্রদান করেন যা রিপোর্টের পৃষ্ঠায় সন্নিবেশিত হয়েছে।

## বানিজ্যিক ও বিধিবদ্ধ প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্টতা ঃ

কর্পোরেট সেক্টরে গুড গভর্নেন্সের আদর্শ নজির স্থাপনের লক্ষ্যে কোম্পানী সেন্ট্রাল ডিপোজিটরী বাংলাদেশ লিঃ (সিডিবিএল), ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ (ডিএসই), চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ (সিএসই), এবং বাংলাদেশ পাবলিকলী লিস্টেড কোম্পানী (বিএপিএলসি) এর সদস্য পদ গ্রহন করেছে। এসব

সংস্থার সদস্যপদ গ্রহনের মাধ্যমে কোম্পানীর জন্য কর্পোরেট গভর্নেন্স প্রাকটিস উন্নততর করার সুযোগ প্রসারিত হয়েছে। যার ফলে শেয়ারহোল্ডার ও স্টেকহোল্ডারগন প্রতিনিয়ত উপকৃত হচ্ছেন।

## চলমান প্রতিষ্ঠান ঃ

পরিচালকমন্ডলী কোম্পানীর ব্যবসায়িক গতিপ্রকৃতি পর্যালোচনা শেষে মহান আল্লাহর রহমত নিয়ে আগামী দিনগুলোতে ব্যবসায়িক কার্যক্রম চালিয়ে নেওয়ার জন্য নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন এবং তদানুসারে চলমান প্রতিষ্ঠান হিসাবে আর্থিক বিবরনীসমূহ প্রস্তুত করা হয়েছে।

## সিডিবিএল (CDBL) কার্যক্রম ঃ

সিডিবিএল এর মাধ্যমে ইলেকট্রনিক পদ্ধতিতে সিকিউরিটিজের এর হিসাবপত্র রাখা, প্রয়োজনীয় ইন্সট্রুমেন্ট হস্তান্তর করা এবং বস্তুগত কোন দলিলের হস্তান্তর ব্যতীত মালিকানা পরিবর্তনের সব কাজ সিডিবিএল এর নিয়মানুযায়ী করা হয়। ইমাম বাটন ইন্ডাষ্ট্রিজ লিঃ এর শেয়ার ঢাকা ও চট্টগ্রাম উভয় ষ্টক এক্সচেঞ্জ সমূহে উল্লেখিত পদ্ধতিতে লেনদেন হচ্ছে। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের বিধি মোতাবেক কোম্পানীর শেয়ারহোল্ডারগন সব রকম সুবিধা ভোগ করে থাকেন।

## নিরীক্ষক নিয়োগঃ

নিরীক্ষক মালেক সিদ্দিকী ওয়ালী চার্টার্ড একাউন্ট্যান্টস তাঁদের সময় সীমা শেষ হওয়ায় অবসর গ্রহণ করেছেন। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশ নং- SEC/CMRRCD/2009-193/174/Admin/61 Date- July 08, 2015 এর কর্তৃক নির্বাচিত ক্রমিক নং ২২ এর প্যানেল অডিটর মালেক সিদ্দিকী ওয়ালী, চার্টার্ড একাউন্ট্যান্টস ২০১৭-২০১৮ ইং অর্থ বৎসরের জন্য পুনরায় নিরীক্ষক হিসাবে নিয়োগের জন্য আগ্রহ প্রকাশ করেছেন।

## শেয়ারহোল্ডারগনের সাথে যোগাযোগ ও সম্পর্ক ঃ

জন্মলগ্ন থেকে এ কোম্পানী আইনের বিধি মোতাবেক যথারীতি নিয়মিত বার্ষিক সাধারন সভা আয়োজন করে আসছে, যার মাধ্যমে শেয়ারহোল্ডারদেরকে আর্থিক ফলাফল, কোম্পানী অগ্রগতি, গুরুত্বপূর্ন কার্যক্রম সম্পর্কে অবহিত করা হয়। ফলে শেয়ারহোল্ডারগন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও জনসাধারন কোম্পানী সম্পর্কে বিভিন্ন প্রয়োজনীয় তথ্য যথাসময়ে অবহিত হচ্ছেন। কোম্পানীর শেয়ারহোল্ডারগন শেয়ার বিভাগে এসে এবং টেলিফোন ও মোবাইল ফোনের মাধ্যমে প্রতিনিয়ত তাঁদের কাঙ্খিত তথ্যাদি সংগ্রহ করতে পারছেন। একটি আধুনিক ও যুগোপযোগী শেয়ার সফটওয়ার এর মাধ্যমে শেয়ারহোল্ডারগনের চাহিদামত সেবা সাধ্যমত প্রদান করা সম্ভব হচ্ছে। কোম্পানী সময় সময় খবরের কাগজ, নিজস্ব ওয়েবসাইট এর মাধ্যমে শেয়ারহোল্ডারগনদের প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে থাকে। কোম্পানী সব সময় শেয়ারহোল্ডারবৃন্দকে এজিএম এ উপস্থিত হওয়ার জন্য উৎসাহিত করে এবং অপারগতায় প্রক্সি নিয়োগদানের জন্য অনুপ্রানিত করে থাকে।

## ধন্যবাদ জ্ঞাপন ও কৃতজ্ঞতা স্বীকার ঃ

কোম্পানীর পরিচালনা পর্ষদ, সম্মানীত শেয়ারহোল্ডারগন ,বিনিয়োগকারী, ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা ষ্টক এক্সচেঞ্জ, চিটাগাং ষ্টক এক্সচেঞ্জ, আইসিবি, সংবাদ সংস্থা, সরবরাহকারী, নিরীক্ষক, সরকারী এজেন্সী এবং সম্মানীত ক্রেতা সাধারনসহ সংশ্লিষ্ট অন্যান্যদের কোম্পানী ব্যবসা পরিচালনার ক্ষেত্রে সহযোগীতার জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেছে। পরিচালকমন্ডলী কোম্পানীর শ্রমিক, কর্মচারী ও বিভিন্ন পদস্থ কর্মকর্তাদের একনিষ্ঠতা ও শ্রমের কথা কৃতজ্ঞতা সহকারে স্মরন করছে এবং আস্থার সাথে আশা করে যে, তাদের আন্তরিকতা কোম্পানীর বৃহত্তর সফলতা অর্জনে সহায়ক হবে এবং ভবিষ্যত প্রবৃদ্ধি আনয়ন করবে।

সর্বশক্তিমান আল্লাহপাক আমাদের সর্বাত্মক সহায় হউন।

**পরিচালক মন্ডলীর অনুমোদনক্রমে ও পক্ষে,**

(হামিদা বেগম)
**পরিচালক**

(মোহাম্মদ আলী)
**ব্যবস্থাপনা পরিচালক**